গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৯৮৭ তারিখঃ ১০-০৬-২০১৯

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭-০৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( এপ্রিল/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭-০৫-২০১৯ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (এপ্রিল/২০১৯ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মে, ২০১৯ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২০-০৬-২০১৯ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: neenashahnaz@gmail.com) ও হার্ড কপি অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

১০/০৬/২০১৯
(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৫৯৯৭
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক, আরইটিসি/বাজার সংযোগ, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৫। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৮। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

I:\06.001.12-P&D (Converted).doc

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৭-০৫-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( এপ্রিল/২০১৯ পর্যন্ত) সভার কার্যা বিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ ইউসুফ মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| তারিখ | : | ২৭ মে, ২০১৯ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের এপ্রিল,২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১.** ৩০-০৪-২০১৯ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ৩০-০৪-২০১৯ তারিখে এপ্রিল,২০১৯ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ৩০-০৪-২০১৯ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি'র কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০৩টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক আরএডিপি'র বরাদ্দ অনুযায়ী মোট ১১৩২.০০ লক্ষ (রাজস্ব খাতে ৫৬৫.৫০ লক্ষ এবং মূলধন খাতে ৭০৮.৫০ লক্ষ) টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১১৮.৩০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। প্রকল্পের ২০১৮-১৯ অর্থ বছরে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ ১১৩২.০০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হলে এপ্রিল, ১৯ পর্যন্ত ৪৬০.৭৭ লক্ষ (৪০.৭০%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ ১১৮.৩০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হলে এপ্রিল, ১৯ পর্যন্ত ৬২.৭৩ লক্ষ (৫৩.০৬%) লক্ষ টাকা ব্যয় করা হয়। ইতোমধ্যে প্রায় ১০ (দশ) মাস অতিক্রম হওয়ার পরও প্রকল্প ও কর্মসূচিরর অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচিসমূহে অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা দেন।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরন (বিপণন অংগ)" প্রকল্পের প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, সংশোধিত অনুমোদিত ডিপিপি'র আওতায় প্রকল্পের যাবতীয় নির্মাণ কাজসহ সকল কাজ জুন,২০১৯ মাসে সমাপ্ত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পের

যাবতীয় কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের পিসিআর তৈরীর কার্যক্রম শুরু করা জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২ স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) শীর্ষক প্রকল্পের কম্পোনেন্ট ডাইরেক্টর সভায় অবহিত করেন যে, ২০১৮-১৯ অর্থ বছরের আরপিএ এর অর্থ ছাড় না হওয়ায় প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য তবে প্রকল্পের আউটসোসিং প্রক্রিয়ার মাধ্যমে জনবল নিয়োগ, যাবতীয় ক্রয় প্রক্রিয়ার টেন্ডার আহবান করা হয়েছে। ইতোমধ্যে জিওবি অংশের অর্থ ছাড় করা হয়েছে। কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণের জন্য একটি আদর্শ মডিউল তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন। প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প বাস্তবায়িত এলাকার সকল বিভাগীয় উপ-পরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে দ্রুত প্রেরণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা দেন।

২.৩ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ " শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, ২০১৮-১৯ অর্থ বছরের আরএডিপি'র বরাদ্দ মোতাবেক যাবতীয় টেন্ডার ও নিয়োগ প্রক্রিয়া ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সভাপতি প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন। প্রকল্পের আওতায় যে সকল জেলাতে এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে উক্ত জায়গার প্রকৃত মালিকদের সাথে সমঝোতা স্মারক (MOU) করার দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রাক্কলন প্রণয়ন এবং গাবতলীতে নির্মাণ কার্যক্রম শুরূ করার জন্য নির্ধারিত জমির সীমানা নির্ধারন পুর্বক প্রকল্পের কার্যক্রম শুরূ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প বাস্তবায়িত এলাকার সকল বিভাগীয় উপ-পরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে দ্রুত প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা দেন।

২.৪ : ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি'টি ২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত হবে বিধায় কর্মসূচির সামগ্রিক কার্যক্রমের (সফলতা ও ব্যর্থতাসহ) একটি প্রতিবেদন প্রেরণ করতে সভায় নির্দেশ প্রদান করা হয়। আগামী জুন,২০১৯ মাসের মধ্যে ফ্রেশকাট এর ন্যায় নতুন কর্মসূচি'র প্রস্তাব এবং পিসিআর করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৩: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় প্রদর্শিত ডিজিটাল ডিসপ্লেবোর্ডে প্রতিদিনের বাজার দর প্রতিদিন প্রর্দশনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড এর ন্যায় যুগোপযোগী একটি কর্মসূচির প্রস্তাব দিতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনাঃ ২০১৮-১৯ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী নতুন প্রকল্পসমূহের দরপত্র আহবান এবং কার্যাদেশ প্রদানের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। নতুন প্রকল্পসমূহের সকল দরপত্রের কার্যাদেশ ৩০ মে/২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এবং ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নিধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৫.১** | প্রকল্পের অসমাপ্ত কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে এবং প্রকল্পের পিসিআর তৈরীর কার্যক্রম শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক আইসিআইএসআরপি (ডিএএম অংগ। |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.২ | (ক) ২০১৮-১৯ অর্থ বছরের অনুমোদিত ক্রয় ও কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করতে হবে।<br>(খ) প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণের জন্য একটি আদর্শ মডিউল তৈরী করতে হবে।<br>(গ) প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প এলাকার সকল বিভাগীয় উপপরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর<br>স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)<br>(বিপণন অংগ) |
| ৫.৩ | (ক) ২০১৮-১৯ অর্থ বছরের ক্রয় ও কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করতে হবে।<br>(খ) যে সকল জেলাতে এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে উক্ত জায়গার প্রকৃত মালিকদের সাথে সমঝোতা স্মারক (MOU)করতে হবে।<br>(গ) ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রক্কলন প্রণয়ন এবং গাবতলীতে নির্মাণ কার্যক্রম শুরু করার জন্য নির্ধারিত জমির সীমানা নির্ধারণ পূর্বক যাবতীয় কার্যক্রম শুরু করতে হবে।<br>(ঘ) প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প এলাকার সকল বিভাগীয় উপ-পরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে দ্রুত প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প |
| ৫.৪ | (ক) কর্মসূচির কার্যক্রমকে ই-মার্কেট এর সাথে লিংক করে নতুন কর্মসূচি'র প্রস্তাব আগামী জুন,২০১৯ মাসের মধ্যে প্রেরণ করতে হবে।<br>(খ) কর্মসূচি'টি ২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত হবে বিধায় কর্মসূচির সামগ্রিক কার্যক্রমের (সফলতা ও ব্যর্থতাসহ) একটি প্রতিবেদন আগামী ১৫দিনের মধ্যে প্রেরণ করতে হবে।<br>(গ) দ্রুত সময়ের মধ্যে কর্মসূচির পিসিআর করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি। |
| ৫.৫ | (ক) ডিজিটাল ডিসপ্লেবোর্ডে প্রতিদিনের বাজার দর প্রতিদিন প্রর্দশনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে স্থাপিত ডিসপ্লেবোর্ডসমূহ সচল করে বাজার তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড এর ন্যায় যুগোপযোগী একটি কর্মসূচির প্রস্তাব আগামী ১৫ দিনের প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০.৬.২০১৯

(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর